৩৬৬

ভোরের কাগজ

তারিখ MAR. ৫ 1999
পৃষ্ঠা ৬ কলাম ৭

সংসদ ? প্রশ্নোত্তর

# 'দেশে ১০ হাজার ১৯৯টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য'

**কাগজ প্রতিবেদক :** দেশে বর্তমানে ১০ হাজার ১৯৯টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে সহকারী শিক্ষকের শূন্য পদের সংখ্যা ৮ হাজার ২৩২টি এবং প্রধান শিক্ষকের পদ ১ হাজার ৯৬৭টি। প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায় গতকাল সংসদে প্রশ্নোত্তর পর্বে এ কথা জানিয়েছেন।

তিনি জানান, সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে। মৌখিক পরীক্ষার কার্যক্রম প্রক্রিয়াধীন। প্রধান শিক্ষক নিয়োগের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। তিনি জানান, দেশে বর্তমানে প্রাথমিক শিক্ষকের ১ লাখ ৬৭ হাজার ২৬১টি পদ রয়েছে। এর মধ্যে সহকারী শিক্ষকের পদ ১ লাখ ২৯ হাজার ৫৫৫টি এবং প্রধান শিক্ষকের পদ ৩৭ হাজার ৭০৬টি। এ ছাড়া রেজিস্ট্রার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের পদের সংখ্যা ৭৮ হাজার ৭৩৬টি। অপর এক প্রশ্নের জবাবে সতীশ চন্দ্র জানান, দেশে বর্তমানে ৬০ হাজার ৮৬২টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৩৭ হাজার ৭০৬টি সরকারি, ১৯ হাজার ৬৮৪টি রেজিস্ট্রার্ড বেসরকারি এবং ৩ হাজার ৪৭২টি নন-রেজিস্ট্রার্ড বেসরকারি। তিনি জানান, এ বিদ্যালয়গুলোতে ৮২ ভাগ শিশু শিক্ষার সুযোগ পাচ্ছে। এ ছাড়া শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেকের অনুপস্থিতিতে শিক্ষা মন্ত্রণালয়সংক্রান্ত অন্যান্য প্রশ্নের জবাব দেন শিল্পমন্ত্রী তোফায়েল আহমেদ। সম্পূরক প্রশ্নে সাংসদদের নিজ নিজ এলাকার কলেজে অনার্স কোর্স চালু করা, ভবন পাকা করা, এমপিওভুক্ত করা ইত্যাদি দাবির জবাবে তোফায়েল আহমেদ প্রায় সবাইকেই পর্যায়ক্রমে হবে বলে আশ্বাস দেন।

**কম্পিউটার শিক্ষা**

দেশের স্কুল ও কলেজ পর্যায়ে কম্পিউটার বিজ্ঞান কোর্স চালু করার জন্য শিক্ষা মন্ত্রণালয় দুটি প্রকল্প গ্রহণ করেছে। প্রকল্প দুটি হলো : নির্বাচিত সরকারি কলেজে কম্পিউটার বিজ্ঞান কোর্স চালুকরণ ও শিক্ষক প্রশিক্ষণ এবং নির্বাচিত মাধ্যমিক বিদ্যালয়ে নবম শ্রেণীতে কম্পিউটার কোর্স প্রবর্তন। তোফায়েল আহমেদ গতকাল সংসদে এ কথা জানান। তিনি জানান, মাদ্রাসায় কম্পিউটার কোর্স প্রবর্তনের কোনো পরিকল্পনা আপাতত নেই।

**এতিমখানার সংখ্যা**

দেশে বর্তমানে সরকারি ও বেসরকারি মিলিয়ে মোট ১ হাজার ৯০৪টি এতিমখানা রয়েছে। এর মধ্যে ১ হাজার ৮৩১টি বেসরকারি রেজিস্ট্রার্ড এতিমখানা। বাকিগুলোর মধ্যে ৪৭টি সরকারি শিশু সদন ও ২৬টি সরকারি শিশু পরিবার রয়েছে। সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ডা. মোজাম্মেল হোসেন গতকাল সংসদে এ কথা জানান। অপর এক প্রশ্নের জবাবে তিনি জানান, মানসিক প্রতিবন্ধীদের শিক্ষা ও পুনর্বাসনের জন্য দেশে একটি সরকারি ও একটি বেসরকারি প্রতিষ্ঠান রয়েছে। সরকারি প্রতিষ্ঠানটি ঢাকার মিরপুরে অবস্থিত। বেসরকারি প্রতিষ্ঠান 'বাংলাদেশ মানসিক প্রতিবন্ধী কল্যাণ ও শিক্ষা সমিতি'র ৩৭টি শাখা রয়েছে।

**মাদ্রাসার সংখ্যা**

বর্তমানে দেশে মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত মোট ৬ হাজার ৯০৬টি মাদ্রাসা রয়েছে। এর মধ্যে ৪ হাজার ৮২৬টি দাখিল, ৯৯৬টি আলিম, ৯৫৮টি ফাজিল এবং ১২৬টি কামিল মাদ্রাসা। এ ছাড়া দেশে ৫ হাজার ১৭০টি রেজিস্ট্রার্ড এবতেদায়ী মাদ্রাসা রয়েছে। গতকাল সংসদে এ তথ্য জানানো হয়।